**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 10.07.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে বিকেল পাঁচটা পর্যন্ত গড়ে ভোট পড়েছে প্রায় ৬৩ শতাংশ।

বিক্ষিপ্ত কিছু অশান্তি ছাড়া আজকের ভোটপর্ব শান্তিপূর্ণ ছিল বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

বিজেপি, বাগদায় পাঁচ ও মানিকতলায় ৮৯-টি বুথে পুনর্নির্বাচন দাবি করেছে।

অন্যদিকে, ভোট শান্তিপূর্ণ ছিল বলে দাবি তৃণমূল কংগ্রেসের।

২) আড়িয়াদহ কান্ডে ৬ জনকে গ্রেফতার করেছে পুলিশ।
ব্যারাকপুরের পুলিশ কমিশনার জানিয়েছেন, এধরনের কোন অপরাধ বরদাস্ত করা হবে না।

৩) ঢোলাহাট থানায় চোর সন্দেহে মারধোরে যুবকের মৃত্যুর অভিযোগে তার পরিবার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে ।

৪) সিবিআই তদন্তের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার সাধারণ সম্মতি প্রত্যাহার করে নেবার পরেও কেন্দ্রীয় তদন্ত সংস্থার মামলা রুজুর বিরোধিতা করে রাজ্য সরকারের আবেদন, সুপ্রিম কোর্ট গ্রহণ করেছে।

৫) ১০ দিনের মধ্যে বাজারদর নিয়ন্ত্রণে আনতে মুখ্যমন্ত্রীর নির্দেশের পর রাজ্য সরকার গঠিত টাস্ক ফোর্স আজ থেকে বাজার পরিদর্শন শুরু করেছে।

oooooooooooooooooooooooo

রাজ্যের চারটি বিধানসভা আসনে উপনির্বাচনে বিকেল ৫টা পর্যন্ত গড়ে ভোট পড়েছে ৬২ দশমিক ৭/১ শতাংশ। এর মধ্যে রায়গঞ্জে ৬৭, রানাঘাট দক্ষিণ ও বাগদায় ৬৫ এবং মানিকতলায় ৫১ শতাংশের বেশি ভোট পড়ার খবর পাওয়া গেছে।

বিক্ষিপ্ত কিছু অশান্তির অভিযোগ এলেও আজকের উপনির্বাচন পর্ব শান্তিপূর্ণ ছিল বলে মুখ্য নির্বাচনী আধিকারিক ডক্টর আরিজ আফতাব দাবি করেছেন। রানাঘাট দক্ষিণ এবং বাগদায় বিভিন্ন ঘটনায় গ্রেপ্তার হয়েছে ৫ জন। গতরাত থেকে মোট গ্রেপ্তারের সংখ্যা ৩১। রানাঘাটের পায়রাডাঙায় গতরাতে বিজেপি সমর্থক ও বুথ এজেন্টদের বাড়িতে ভাঙচুরের ঘটনায় গ্রেপ্তার হয় ২৬ জন। আজ আরো দুজনকে ধরা হয়। বাগদায় বিজেপি প্রার্থীর গাড়ি ভাঙচুরের অভিযোগে গ্রেপ্তার হয়েছে তিন জন।

বাগদার গাদপুকুরিয়া বুথে ছাপ্পা ভোট ও বুথ জ্যামের খবর পেয়ে বিজেপি প্রার্থী হাজির হলে তাঁর এবং সংবাদমাধ্যমের ওপর হামলা হয় বলে অভিযোগ। একাধিক গাড়ি ভাংচুর করা হয়। গোটা ঘটনায় সিআরপিএফ ও পুলিশের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ উঠেছে।

রানাঘাটের জগপুরে ও পায়রাডাঙ্গায় বিজেপির ক্যাম্প অফিস ভেঙে দেওয়া হয়। দলীয় প্রার্থী ঘটনাস্থলে পৌছে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ করেন।

আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অনুপম)

রায়গঞ্জেও বুথের সামনে বেআইনি জমায়েতের খবর পেয়ে বিজেপি প্রার্থী সেখানে গেলে তাঁকে লক্ষ্য করে গো ব্যাক স্লোগান দেওয়া হয়। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – তন্ময়)

কলকাতার মানিকতলায় তেমন অশান্তির খবর পাওয়া না গেলেও বিজেপি প্রার্থীকে হেনস্থার অভিযোগ উঠেছে।
আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি, বাগদায় পাঁচটি বুথে পুনর্নির্বাচনের দাবি জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকের দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, নির্বাচন কমিশনের কাছে এই দাবি জানানো হয়েছে।

তিনি অভিযোগ করেন, রাজ্যে তৃণমূল কংগ্রেসের যে ভোট সংস্কৃতি সেভাবেই ভোট হয়েছে। কার্যত পুলিশ এই নির্বাচন পরিচালনা করেছে।

( বাইট – শমীক)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে চারটি বিধানসভা আসনে উপনির্বাচনে পরাজয় নিশ্চিত জেনেই বিজেপি দু-এক জায়গায় অশান্তি বাধানোর চেষ্টা করেছে বলে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ অভিযোগ করেছেন। এতে সিপিআইএমেরও মদত ছিল বলে

তাঁর দাবি। মোটের ওপর অবাধ ও শান্তিপূর্ণভাবে ভোট সম্পন্ন হয়েছে বলে কুনালবাবু জানান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার আড়িয়াদহে মা – ছেলেকে রাস্তায় ফেলে মারধোরের ঘটনায় এলাকার ত্রাস জয়ন্ত সিং গ্রেফতার হওয়ার পর – স্থানীয় তালতলা স্পোর্টিং ক্লাবের ভেতরে একজনকে এই দুষ্কৃতি ও তার দলবলের লাঠিপেটা করার ভাইরাল ভিডিওর ভিত্তিতে পুলিশ ৬ জনকে গ্রেফতার করেছে। ২০২১ সালের ওই ঘটনা ছাড়াও এক নাবালককে ক্লাবের মধ্যে বিবস্ত্র করে নৃশংস অত্যাচার এবং অস্ত্র চালনার প্রশিক্ষণের ভিডিও প্রকাশ্যে আসে। ব্যারাকপুরের পুলিশ কমিশনার অলোক রাজোরিয়া আজ সাংবাদিক বৈঠক করে জানান, সমস্ত অভিযোগ নিয়েই মামলা রুজু করা হয়েছে। অপরাধীরা গ্রেফতার হবে।

(বাইট –অলোক রাজোরিয়া)

এদিকে, ধৃত ৬ জনকে আজ ব্যারাকপুর আদালতে তোলা হলে, মঙ্গলবার পর্যন্ত পুলিশ হেফাজতে পাঠানো হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

চোর সন্দেহে তুলে নিয়ে গিয়ে প্রচন্ড মারধোর করায় অসুস্থ হয়ে আবু সিদ্দিক হালদার নামে এক যুবকের মৃত্যুর অভিযোগে আজও দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবন পুলিশ জেলার ঢোলাহাট থানার সামনে বিক্ষোভ দেখান পরিবারের সদস্য এবং গ্রামবাসীরা। আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকি এবং সিপিআইএম নেতা কান্তি গঙ্গোপাধ্যায় আজ পরিবারটির সঙ্গে দেখা করতে ঘাটবকুলতলা গ্রামে যান। এই ঘটনায় শাসকদলের ইন্ধন থাকার অভিযোগ করেছেন নওসাদ।

(বাইট)

এদিকে, পুলিশের বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে আবু সিদ্দিকের পরিবার। আজ বিচারপতি অমৃতা সিনহার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি মামলা দায়েরের অনুমতি দেন। আগামীকাল শুনানি হতে পারে। কলকাতার এনআরএস হাসপাতালে দেহের ময়নাতদন্তের সময় ভিডিওগ্রাফি করা হয়েছিল কি না, তা নিয়ে প্রশ্ন তুলেছে পরিবার।

oooooooooooooooooooooo

সিবিআই তদন্তের ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার সাধারণ সম্মতি প্রত্যাহার করে নেবার পরেও কেন্দ্রীয় তদন্ত সংস্থার মামলা রুজুর বিরোধিতা করে রাজ্য সরকারের আবেদন, সুপ্রিম কোর্ট গ্রহণ করেছে। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের প্রাথমিক আপত্তি খারিজ করে দিয়ে বিচারপতি বিআর গাভাই এবং বিচারপতি সন্দীপ মেহেতার বেঞ্চ আজ বলেন, রাজ্য সরকারের আবেদন যুক্তিগ্রাহ্য। আবেদনে বাস্তব তথ্য গোপন করা হয়েছে বলে কেন্দ্রের সওয়ালও খারিজ করেছেন বেঞ্চ। শীর্ষ আদালত বলেছে, রাজ্য সাধারণ সম্মতি প্রত্যাহার করে নেবার পরেও সিবিআই মামলা রুজু করে তদন্ত চালিয়ে গেলে তা দিল্লি স্পেশাল পোলিস এস্ট্যাবলিশমেন্ট অ্যাক্ট বা DSPE আইনের ৬ নম্বর ধারা লঙ্ঘন করে কিনা, সেই আইনী প্রশ্ন তুলেছে এই আবেদন। তাই এর শুনানী হবে। মামলার বিচার্য বিষয় স্থির করার দিন ধার্য হয়েছে ১৩ই আগস্ট। উল্লেখ্য, পশ্চিমবঙ্গে তদন্ত চালানোর জন্য সাধারণ অনুমতি রাজ্য সরকার ২০১৮ র নভেম্বরে প্রত্যাহার করে নেয়।

ভারতীয় সংবিধানের ১৩১ ধারার অধীনে সুপ্রিম কোর্টে কেন্দ্রের বিরুদ্ধে আবেদন করেছে রাজ্য। এই ধারায় কেন্দ্র ও এক বা একাধিক রাজ্যের মধ্যে বিরোধ নিষ্পত্তির এক্তিয়ার দেওয়া হয়েছে দেশের শীর্ষ আদালতকে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, সুপ্রিম কোর্টের বক্তব্যকে স্বাগত জানিয়ে বলেছেন, রাজ্য সরকারকে না জানিয়ে, বা তাদের অন্ধকারে রেখে কেন্দ্রীয় এজেন্সিগুলি নিজেদের কাজ চালাচ্ছিল। রাজ্য সরকারের এটা নৈতিক জয়। যুক্তরাষ্ট্রীয় কাঠামোর ক্ষেত্রেও এই পর্যবেক্ষণ ঐতিহাসিক বলে তিনি মনে করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

১০ দিনের মধ্যে বাজারদর নিয়ন্ত্রণে আনতে মুখ্যমন্ত্রীর নির্দেশের পর রাজ্য সরকার গঠিত টাস্ক ফোর্স আজ থেকে বাজার পরিদর্শন শুরু করেছে। সকাল ৯ টা নাগাদ কাঁকুরগাছির ভিআইপি মার্কেটে হানা দেন টাস্ক ফোর্স এবং এনফোর্সেন্ট ব্রাঞ্চের কর্তারা। সঙ্গে ছিল ফুলবাগান থানার পুলিশ। তাঁরা খুচরো ব্যবসায়ীদের সঙ্গে কথা বলেন। খোঁজ নেন বিভিন্ন শাক-সবজির দাম সম্পর্কে। বাজারদর নিয়ে এরপর তাঁরা একটি রিপোর্ট তৈরি করবেন এবং সেই রিপোর্ট পাঠানো হবে নবান্নে।

টাস্ক ফোর্সের সদস্য রবীন্দ্রনাথ কোলে বলেন, দাম যে বেড়েছে এটা বাস্তব। কিন্তু বাড়লো কেন, সেটা পরিষ্কার নয়। তবে আলুর দাম কমবেই, এতে কোনও সন্দেহ নেই।লাগাতার এই পদক্ষেপ চলবে বলেও তিনি জানিয়েছেন।

এদিকে বাজারে শাক সবজির দাম নিয়ন্ত্রণে আনতে আজ বোলপুরে অভিযান চালায়, বীরভূম জেলা এনফোর্সমেন্ট ব্রাঞ্চ। বোলপুর হাট তলায় আড়তদার ও সবজি ব্যবসায়ীদের সঙ্গে কথা বলার পর বোলপুর ও শান্তিনিকেতন এলাকার বিভিন্ন সবজি দোকানেও হানা দেন আধিকারিকরা। সঙ্গে ছিল পুলিশ।

পুরুলিয়া শহরেও প্রতিটি আড়তে এবং বড় সব্জি ব্যবসায়ীদের কাছে গিয়ে বাজারদরের খোঁজ নেয় টাস্ক ফোর্স।

oooooooooooooooooooooo

ঝাড়গ্রামের নয়াগ্রাম থানা এলাকায় নিচুপাতিনা প্রাথমিক বিদ্যালয়ে ক্লাসচলাকালীন আজ আচমকা মাটির একাংশ বসে গেলে বেঞ্চ সমেত চারজন পড়ুয়া প্রায় পাঁচ ফুট গভীর গর্তে ঢুকে যায়। শিক্ষকরা ছুটে এসে পড়ুয়াদের উদ্ধার করেন। ক্লাস চলাকালীন এই ঘটনায় ছাত্রছাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়ায়। জানা গেছে, ২০০৬ -এর বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছিল স্কুলটি। সুবর্নরেখা নদীর ৫০০ মিটারের মধ্যে এই প্রাথমিক বিদ্যালয়ের নীচের মাটি আলগা হয়ে যাওয়ার কারণেই এই ধ্বস বলে মনে করা হচ্ছে।

oooooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo